# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৭

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدٌ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ عَنْ شُعْبَةَ قَالَ: حَدَّثَنِي عُمَرُ بْنُ سُلَيْمَانَ – هُوَ ابْنُ عَاصِمِ بْنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ – عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبَانَ – هُوَ ابْنُ عُثْمَانَ بْنِ عَفَّانَ عَنْ أَبِيهِ قَالَ:
خَرَجَ زَيْدُ بْنُ ثَابِتٍ مِنْ عِنْدِ مَرْوَانَ قَرِيبًا مِنْ نِصْفِ النَّهَارِ فَقُلْتُ: مَا بَعَثَ إِلَيْهِ إِلَّا لِشَيْءٍ سَأَلَهُ فَقُمْتُ إِلَيْهِ فَسَأَلْتُهُ فَقَالَ: أَجَلْ سَأَلَنَا عَنْ أَشْيَاءَ سَمِعْنَاهَا مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(رحم الله امرءاً سَمِعَ مِنِّي حَدِيثًا فَحَفِظَهُ حَتَّى يُبَلِّغَهُ غَيْرَهُ فَرُبَّ حَامِلِ فِقْهٍ إِلَى مَنْ هُوَ أَفْقَهُ منه وَرُبَّ حامل فقه ليس بفقيه ثلاث خِصَالٍ لَا يَغِلُّ عليهنَّ قَلْبُ مُسْلِمٍ: إِخْلَاصُ الْعَمَلِ لِلَّهِ وَمُنَاصَحَةُ أُلَاةِ الْأَمْرِ وَلُزُومُ الْجَمَاعَةِ فإن دعوتهم تحيط من ورائهم)
[تعليق الشيخ الألباني] [1 :2] =
صحيح ـ سيأتي بأتم (679).

الحديث: 67 ¦ الجزء: 1 ¦ الصفحة: 193

বাংলা

ذِكْرُ رَحْمَةِ اللَّهِ جَلَّ وَعَلَا مَنْ بلَّغ أُمَّةَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَدِيثًا صحيحاً عنه

যে ব্যক্তি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের উম্মাতের নিকট কোন একটি সহীহ হাদীস পৌঁছে দিবেন, তার উপর আল্লাহ জাল্লা ওয়া আলা’র রহমত বর্ষনের বর্ণনা:

৬৭. আবান ইবনু উসমান (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, কোন একদিন যাইদ ইবনু সাবিত (রাযিঃ) ঠিক দুপুরের সময় মারওয়ানের নিকট হতে বেরিয়ে আসলেন। আমরা নিজেদের মধ্যে বলাবলি করলাম, সম্ভবতঃ কোন

ব্যাপারে প্রশ্ন করার জন্যই এ সময়ে মারওয়ান তাকে ডেকে পাঠিয়েছেন। সুতরাং আমরা উঠে গিয়ে তাকে এ বিষয়ে প্রশ্ন করলাম। তিনি বললেন, হ্যাঁ, তিনি আমার কাছে কয়েকটি কথা জিজ্ঞেস করেছেন, যা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট শুনেছি। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে বলতে শুনেছিঃ আল্লাহ তা’আলা সেই ব্যক্তির উপর রহম করুন, যে আমার কোন কথা শুনেছে, তারপর তা সঠিকভাবে মনে রেখেছে এবং সেভাবেই অন্যের নিকট পৌছে দিয়েছে। এমন অনেক লোক আছে, যারা নিজেদের তুলনায় উচ্চতর জ্ঞানের অধিকারীর নিকট জ্ঞান পৌছে দিতে পারে। আর অনেক জ্ঞানের বাহক এমন রয়েছে যারা নিজেরা প্রজ্ঞার (তথা গভীর জ্ঞানের) অধিকারী নয়। তিনটি বিষয়ে কোন মুসলিম ব্যক্তির অন্তর যেন প্রতারিত[1] না হয়ঃ নিষ্ঠার সাথে আল্লাহ্‌র সন্তুষ্টির জন্য কাজ করা, মুসলিম নেতৃবৃন্দের কল্যাণ কামনা করা এবং জামা’আত (ঐক্যবদ্ধ মুসলিম জনগোষ্ঠী)-এর সাথে আবশ্যকীয়ভাবে সম্পৃক্ত থাকা। কারণ, তাদের দুআ তাদের পেছনে থেকেও তাদেরকে বেষ্টন করে রাখে।”[2]

## ফুটনোট

[1] মুলত يَغِلُّ এর অর্থ: শত্রুতা, হিংসা, ঘৃণা, তথা তার মধ্যে এ বিষয়গুলির ব্যাপারে কোন শত্রুতা, হিংসা, ঘৃণা প্রবেশ করে না, যা তাকে সঠিক, সত্য থেকে বিচ্যুত করে দিতে পারে। (দেখুন, ইবনুল আছীর, আন নিহায়া)

[2] আলবানী: সহীহ।
আরনাউত্ব: সহীহ।
তাখরীজ: আহমাদ ৫/১৮৩; আবূ দাউদ ৩৬৬০; তিরমিযী ২৬৫৬; ইবনু মাজাহ, মুকাদ্দিমা ২৩০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবান ইবন উসমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86966

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন